

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
রেঞ্জ ডিআইজির কার্যালয়  
ঢাকা

রেঞ্জ সার্কুলার নং-০০৫/১৮

বিষয় : জেলায় অনুষ্ঠিতব্য বার্ষিক পুলিশ সমাবেশসহ বড় ধরনের অনুষ্ঠানে অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, পুলিশ পরিদর্শক হতে তদুর্দ্ধ পুলিশ কর্মকর্তা অনেকই চাকুরী শেষে অবসরে গিয়ে স্থানীয় পর্যায়ে নিজ নিজ জেলা/ থানায় বসবাস করেন। প্রতি বছর জেলা পর্যায়ে বার্ষিক পুলিশ সমাবেশসহ অনেক বড় ধরনের অনুষ্ঠান অনুষ্ঠিত হয়ে থাকে। লক্ষ্য করা যায় এ সকল অনুষ্ঠানে অনেক ক্ষেত্রেই অবসর প্রাপ্ত পুলিশ কর্মকর্তাগণকে নিমন্ত্রণ করা হয় না। অবসর প্রাপ্ত পুলিশ কর্মকর্তাগণকে স্থানীয় পর্যায়ের বড় ধরনের অনুষ্ঠানগুলোতে নিমন্ত্রণ করলে তারা সম্মানিত ও গৌরবান্বিত বোধ করেন যা পরিবার ও সমাজে তাদের মর্যাদা ও সম্মান বৃদ্ধি করে। এ ধরনের সম্মান জানানোর মাধ্যমে কর্মরত পুলিশ সদস্যদের সাথে অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তাদের সম্পর্কের বন্ধন নিবিড় ও সুদৃঢ় হয়। অবসরপ্রাপ্ত অফিসারদের সুদীর্ঘ চাকুরী জীবনের অভিজ্ঞতালব্ধ জ্ঞান সমসাময়িক ঘটনা প্রবাহের বিষয়ে তাদের তীক্ষ্ণ পর্যবেক্ষন অপরাধ দমনে কর্মরত অফিসারদের সহায়ক শক্তি হিসেবে কাজ করতে পারে।

এমতাবস্থায় পুলিশ বাহিনীর অবসর প্রাপ্ত পুলিশ কর্মকর্তাদের (পুলিশ পরিদর্শক হতে তদুর্দ্ধ) থানা ও জেলা ভিত্তিক তালিকা তৈরী করতঃ জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য বার্ষিক পুলিশ সমাবেশসহ বড় ধরনের অনুষ্ঠানগুলোতে আমন্ত্রণ জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনাকে অনুরোধ করা হলো।

স্বঃ-

( চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, পিপিএম )

বিপি-৬৪৮৯০২০৯৪৬

ডিআইজি, ঢাকা রেঞ্জ

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

☎ ৯৩৫৩০৩৭, ☎ ৯৩৪২০২২।

ই-মেইলঃ digdhaka@police.gov.bd

তারিখ : ১০/০৭/২০১৮ খ্রিঃ।

স্মারক নং- ৫০৮/১/১৩/এস

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :  
প্রতি

পুলিশ সুপার, ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, গাজীপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলা।

( চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, পিপিএম )

বিপি-৬৪৮৯০২০৯৪৬

ডিআইজি, ঢাকা রেঞ্জ

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

☎ ৯৩৫৩০৩৭, ☎ ৯৩৪২০২২।